

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রাণিসম্পদ-৩ অধিশাখা  
[www.mofl.gov.bd](http://www.mofl.gov.bd)

নম্বর-৩৩.০০.০০০০.১১৯.১৩.০০৭.২৩-৮৭

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩০  
০৭ মার্চ ২০২৪

প্রাপকঃ ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস  
ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস এর কার্যালয়, খুলনা বিভাগ, খুলনা।

বিষয়ঃ ডাঃ অরুণ কান্তি মন্ডল (গ্রেডেশন নং-১২০৮), পি.আর.এল ভোগরত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, খুলনা-এর অনুকূলে পেনশন ও আনুতোষিক মঞ্জুরি।

সূত্রঃ প্রাণিসম্পদ অধিদপ্তরের স্মারক নং-৩৩.০১.০০০০.১০১.১৩.০৯৪.১৭-৩৮৭, তারিখ: ২২/০২/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে ডাঃ অরুণ কান্তি মন্ডল (গ্রেডেশন নং-১২০৮), পি.আর.এল ভোগরত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, খুলনা-এর অনুকূলে আনুতোষিক বাবদ মোট প্রাপ্য ৬৬,৬৭,১৮২.৫০ (ছেষট্টি লক্ষ সাতষট্টি হাজার একশত বিরাশি টাকা পঞ্চাশ পয়সা) টাকা এবং মাসিক পূর্ণ পেনশন বাবদ ২৮,৯৮৭.৭৫ (আটাশ হাজার নয়শত সাতাশি টাকা পঁচাত্তর পয়সা) টাকা মাত্র নির্দেশক্রমে মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

২। সূত্রস্থ পত্রের তথ্যানুযায়ী তাঁর নিকট সরকারের কোনরূপ পাওনা বা অডিট আপত্তি নেই। আবেদনকারীর প্রদত্ত অঙ্গীকারনামা এবং পেনশন ফরম ২.১ এর ক্রমিক নং-৫ অনুযায়ী, তিনি বিধি মোতাবেক যে পরিমান অর্থ পেনশন ও আনুতোষিক হিসেবে প্রাপ্য তার চেয়ে বেশি পরিমাণে অবসর ভাতা/আনুতোষিক প্রদান করা হলে বা তার নিকট ভবিষ্যতে সরকারের কোনো পাওনা/আদায়যোগ্য অর্থের বিষয় গোচরীভূত/সংশ্লিষ্টতা পরিলক্ষিত হলে, তিনি বা তার উত্তরাধিকারী/উত্তরাধিকারীগণ ফেরৎ/পরিশোধ করতে বাধ্য থাকবেন।

৩। বর্ণিত কর্মকর্তার পেনশন ও আনুতোষিক সংশ্লিষ্ট ছকে বর্ণিত কাগজপত্রাদি পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো। এ সংক্রান্ত পেনশন পরিশোধ আদেশ (পি.পি.ও) জারি করে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্যও অনুরোধ করা হলো।

ক্রঃ নং	বিবরণ	সংখ্যা
১.	পূরণকৃত পেনশন ফরম (মূলকপি)	১ কপি
২.	চাকরির বিবরণী-	১ পাতা
৩.	পি.আর.এল-এ গমনের মঞ্জুরিপত্র	১ পাতা
৪.	প্রত্যাপিত শেষ বেতন সনদ (ইএলপিসি)	১ পাতা
৫.	পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি	১ কপি
৬.	জাতীয় পরিচয়পত্রের কপি	১ পাতা
৭.	প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকার ঘোষণাপত্র (মূলকপি)	১ পাতা
৮.	নমুনা স্বাক্ষর ও পঁচ আঙুলের ছাপ (মূলকপি)	১ পাতা
৯.	আনুগত্য সনদপত্র ও অঙ্গীকারনামা	২ পাতা
১০.	বিভাগীয় না-দাবী প্রত্যয়নপত্র	১ কপি
১১.	কর্মকর্তার কর্মকালীন অডিট আপত্তি নিষ্পত্তি সম্পর্কে ৭ কলাম বিশিষ্ট নিরীক্ষা সংক্রান্ত প্রত্যয়নপত্র	১ কপি
১২.	বিভিন্ন কর্মস্থলের ১৭ কলাম বিশিষ্ট নিরীক্ষা সংক্রান্ত তথ্যাদি ও না-দাবী এবং বিভাগীয় মামলা সংক্রান্ত প্রত্যয়নপত্র	১৯ পাতা
১৩.	চাকরির বৃত্তান্ত সংক্রান্ত অন্যান্য কাগজপত্রাদি (২০১৫ এর পে ফিক্সেশনের কপিসহ)	২৮ পাতা

সংযুক্তিঃ বর্ণনা অনুযায়ী ৬২ (ষাষট্টি) ফর্দ।

স্বঃ  
(শেখ কামরুল হাসান)  
উপসচিব  
ফোন: ২২২৩৩৫৬৬৯৮  
E-mail: [livestock-3@mofl.gov.bd](mailto:livestock-3@mofl.gov.bd)

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য-

নম্বর- ৩৩.০০.০০০০.১১৯.১৩.০০৭.২৩-৮৭/১(৮)

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩০  
০৭ মার্চ ২০২৪

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

১. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
২. ডাঃ অরুণ কান্তি মন্ডল (গ্রেডেশন নং-১২০৮), পি.আর.এল ভোগরত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, খুলনা; **স্থায়ী ও বর্তমান ঠিকানা-** ৬১, সাউথ সেন্ট্রাল রোড, ডাকঘর: খুলনা সদর-৯১০০, খুলনা সিটি কর্পোরেশন, জেলা: খুলনা।
৩. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**শেখ কামরুল হাসান**  
০৭.০৩.২৪

(শেখ কামরুল হাসান)  
উপসচিব